বাংলাদেশ

# ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলারের কাছে ঢাকা ‘জাদুর শহর’

**কূটনৈতিক প্রতিবেদক** ঢাকা

আপডেট : ০৭ নভেম্বর ২০২৫, ০৪ : ৫৫



ভিডিওতে বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার

‘এক শব্দে ঢাকা হচ্ছে জাদুর শহর।’ বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত মাইকেল মিলার ঠিক এভাবেই ঢাকা সম্পর্কে নিজের অভিব্যক্তি বর্ণনা করেছেন।

গত বছরের দ্বিতীয়ার্ধে ইইউর রাষ্ট্রদূত হয়ে বাংলাদেশে আসেন মিলার। বাংলাদেশে তাঁর কাজ ও জীবনযাপনের এক বছরের অভিজ্ঞতা নিয়ে তৈরি হয়েছে একটি ভিডিও চিত্র। দুই মিনিটের বেশি সময়ের ওই ভিডিও ইইউর অফিশিয়াল ফেসবুক পেজ ও এক্সে প্রকাশ করা হয়েছে।

প্রথম এক বছরের অভিজ্ঞতার আলোকে মাইকেল মিলার বাংলায় বলেন, ‘বাংলাদেশ একটি অসাধারণ দেশ। এখানে আমি সব সময় ব্যস্ত। এটি ছিল একটি চমৎকার বছর। বাংলাদেশ যখন সংস্কার ও নির্বাচনের

দিকে এগোচ্ছে, ইউরোপীয় ইউনিয়ন তার ২৭টি সদস্যরাষ্ট্রসহ বাণিজ্যিক উন্নয়ন ও মানবিক অংশীদার হিসেবে আপনাদের সঙ্গে আছে।'

বাংলাদেশে আপনার পছন্দের খাবার কী? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'বিরিয়ানি। এটি সত্যি অসাধারণ।'

বাংলাদেশে ইইউ রাষ্ট্রদূত হিসেবে প্রথম বছরেই অনেক জায়গা ঘুরেছেন। এ তালিকায় আছে বান্দরবান, সিলেট, কক্সবাজার, রাজশাহী, বরিশাল ও সুন্দরবন। মাইকেল মিলার বলেন, 'কিছু জায়গায় দুই-তিনবারও গিয়েছি।'

কোন বিষয়টি সবচেয়ে ভালো লেগেছে, জানতে চাইলে মিলার বলেন, 'সব বয়সের মানুষের সঙ্গে ব্যাডমিন্টন, টেবিল টেনিস, ফুটবল ও ক্রিকেট খেলা দেখা এবং খেলা।'
মাইকেল মিলারের কাছে ঢাকায় সবচেয়ে কঠিন কাজ রাস্তা পার হওয়া।
ঢাকাকে এক শব্দে কী বলবেন? উত্তরে মিলার বলেন, 'জাদুর শহর।'


স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো